রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ২৪, ২০১৭**

### ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৪/২০ জুলাই ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৩০.১১.০০২.২০১৫-১২৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬ মার্চ ২০১৪ তারিখের এস, আর ও নম্বর ৩৪-আইন/২০১৪, 'গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' এবং বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২১ জুন ২০১৭ তারিখের ৮০.১০৩.০১২.০০.০০. ০০৭.২০১৭-১৩৯ সংখ্যক স্মারকে প্রদত্ত সুপারিশ অনুসারে গুপ্তসংকেত পরিদপ্তরের পদোন্নতির কোটায় পূরণযোগ্য সহকারী সাইফার অফিসার (২য় শ্রেণির গেজেটেড)-এর ০১(এক) টি শূন্য পদে উক্ত পরিদপ্তরের সাইফার সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ রেজাউল করিম-কে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১০ম গ্রেড, টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তে সহকারী সাইফার অফিসার পদে পদোন্নতি প্রদান করা হল :

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৬(১)(খ) বিধি অনুযায়ী যোগদানের তারিখ থেকে তিনি ০১(এক) বছরকাল শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন, তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশির মেয়াদ আরও ১(এক) বছর বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে পদাবনতি (revert) করতে পারবে;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশির মেয়াদ পূর্তি এবং সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে;

(ঘ) জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহ্‌ফুজা আখতার**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৪/২৩ জুলাই ২০১৭

**নং প্রম/৪এমই-৯/স্থায়ী/২০১৩/ডি-১২/২১১**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত কর্মচারী এমইএস এর নিয়োগবিধি, ১৯৮২-এ বর্ণিত সংশ্লিষ্ট সকল শর্ত পূরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ অক্টোবর ১৯৯০ তারিখের এস, আর, ও নম্বর ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪) আর আর-৩/৯০ অনুযায়ী তাঁর চাকরি বর্তমান পদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হল :

| ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও নাম | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|
| ব্যক্তিগত নম্বর ৮০২৭০ দেবাশীষ মল্লিক<br>সহকারী প্রকৌশলী বি/আর | ১৪-০১-২০১৫ | ১৪-০১-২০১৫ |

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৪/০৬ আগস্ট ২০১৭

**নং ২৩.০০.০০০০.১২০.১২.০০৩.১৭-২১৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আরগণ-কে সহকারী প্রকৌশলী বি/আর পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)-এ পদোন্নতি প্রদান করা হল :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর, নাম ও বর্তমান পদবি | পদনাম ও বেতনস্কেল |
|---|---|---|
| ১। | ব্যক্তিগত নম্বর ৮০৪৪১<br>মোঃ আব্দুল লতিফ মিয়া<br>সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর | সহকারী প্রকৌশলী বি/আর জা:বে:স্কে: ২০১৫-এর টাকা<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড) |
| ২। | ব্যক্তিগত নম্বর ৮০৪৪৯<br>মোঃ মনিরুজ্জামান ভূঁইয়া<br>সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর | সহকারী প্রকৌশলী বি/আর জা:বে:স্কে: ২০১৫-এর টাকা<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড) |
| ৩। | ব্যক্তিগত নম্বর ৮০৪৫০<br>মোঃ নুরুল করিম<br>সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর | সহকারী প্রকৌশলী বি/আর জা:বে:স্কে: ২০১৫-এর টাকা<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড) |
| ৪। | ব্যক্তিগত নম্বর ৮০৪৬১<br>এমএম লুৎফর রহমান<br>সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর | সহকারী প্রকৌশলী বি/আর জা:বে:স্কে: ২০১৫-এর টাকা<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড) |
| ৫। | ব্যক্তিগত নম্বর ৮০৪৬২<br>মোঃ ইমাম আলী<br>সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর | সহকারী প্রকৌশলী বি/আর জা:বে:স্কে: ২০১৫-এর টাকা<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড) |

২। পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণ ০১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। কর্তৃপক্ষ প্রয়োজনে শিক্ষানবিশকাল আরও ০৬(ছয়) মাস বৃদ্ধি করতে পারবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৪/৩১ জুলাই ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৬৮.১৭-২৭২**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুল্‌স্ ১২(১) আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(ডি), ২৬১ ও সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪৬০২ মেজর মোঃ আরিফ শাহরিয়ার শাম্‌স, পদাতিক-কে বর্তমান পদবিতে চাকরিসীমা শেষে (বয়সসীমা অতিক্রমণের পূর্বে) সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৬৬.১৭-২৭৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭৬৩১ মেজর মাশুকুর রহমান, পদাতিক-কে বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ৫৩৪ এবং বাংলাদেশ আর্মি অর্ডার ১৫৩/২০১৩ অনুযায়ী শারীরিক অসমর্থতার কারণে সেনাবাহিনীর চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুসারে অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ শ্রাবণ ১৪২৪/০৩ আগস্ট ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.০৮.১৬১.১৬-২৮০**—সেনাবাহিনী সদর দপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উপ-পরিচালক (পরিসংখ্যান) জনাব মোঃ আব্দুল মান্নান (পরিচিতি নম্বর ১১২)-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ৩১ মে ১৯৫৮ হওয়ায় ৩০ মে ২০১৭ তারিখে তাঁর বয়স ৫৯(উনষাট) বছর পূর্ণ হয়েছে। সে অনুসারে ৩০ মে ২০১৭ তারিখে তিনি চাকরি থেকে অবসরোত্তর ছুটিতে গমন করেছেন।

২। '১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা' অনুযায়ী উপ-পরিচালক (পরিসংখ্যান) জনাব মোঃ আব্দুল মান্নান ০২ বছর ০১ মাস ০৫ দিন গড়বেতনে ও ০২ বছর ০৩ মাস ২০ দিন অর্ধগড় বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড় বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (০২ বছর ০১ মাস ০৫ দিন+০১ বছর ১-১/২ মাস ১০ দিন) মোট ০৩ (তিন) বছর ০৩(তিন) মাস গড়বেতনে তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায়, 'The Public Servants (Retirement) (Amendment) Act, 2010'-এর অনুচ্ছেদ-৩ এবং 'Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011'-এর অনুচ্ছেদ-২ অনুসারে সেনাবাহিনী সদর দপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উপ-পরিচালক (পরিসংখ্যান) জনাব মোঃ আব্দুল মান্নান (পরিচিতি নম্বর ১১২)-কে ৩০ মে ২০১৭ তারিখ থেকে অবসর প্রদান করা হলো এবং ৩১ মে ২০১৭ থেকে ৩০ মে ২০১৮ তারিখ পর্যন্ত মোট ০১(এক) বছর গড়বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১৮(আঠার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

৪। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৪/৩১ জুলাই ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৩৩.১০-৩৩৭**—বাংলাদেশ বিমানবাহিনীর উইং কমান্ডার মোঃ ছিদ্দিকুর রহমান (বিডি/৮৬৪৮), এডমিন-এর বিমান বাহিনী এ্যাক্ট রুল ২৪(৭) অনুযায়ী অবসর গ্রহণের তারিখ ৩০ ডিসেম্বর ২০১৭ এর পরিবর্তে জনস্বার্থে ২(দুই) বছর অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৭ শ্রাবণ ১৪২৪/০১ আগস্ট ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.১১.০১৭.১১-৩৪০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজির (এমআইএসটি) প্রভাষক, ফাতেমা-তুজ জোহরা (১০৬১৪) ২(দুই) বছর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁর যোগদানের তারিখ অর্থাৎ ২৪ সেপ্টেম্বর ২০১৪ তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪/০২ আগস্ট ২০১৭

**নং ২৩.০০.০০০০.০১০.৬২.০০৬.১৬-৩৪১**—সেনাসদরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর ৪র্থ ডিএসএসসি (স্পেশাল পারপাস) কোর্সের মেজর পদে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০১ মার্চ ২০১৭ তারিখে জারীকৃত ২৩.০০.০০০০.০১০.৬২.০০৫. ১৬-৯৮ সংখ্যক প্রজ্ঞাপনের ৬ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তার নাম বিএসএস-৯২৬০ মেজর মোঃ মনোয়ারুল হক, এইসি-এর পরিবর্তে বিএসএস-৯২৬০ মেজর মোঃ মানোয়ারুল হক, এইসি হিসেবে সংশোধন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আশরাফ আলী ফারুক**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৪/০৭ আগস্ট ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৪৭.১৭-৩৪৭**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মচারীগণকে বিমান বাহিনী এ্যাক্ট রুল-১৯৫৭ এর ২৪(১) বিধি অনুযায়ী চাকরির বয়সসীমা (Retiring age) শেষে ৭নং কলামে বর্ণিত তারিখ থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হল :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR' এ গমনের তারিখ | LPR' শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা (Retiring age) | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ সাইদুল আমীন, (বিডি/৮৩৭৬), শিক্ষা | ২৬ অক্টোবর ১৯৬০ | ০১ জুলাই ১৯৯০ | ২৫ অক্টোবর ২০১৬ | ২০ অক্টোবর ২০১৭ | ২১ অক্টোবর ২০১৭ | ৫৬ বছর | ৯৪৯ দিন | ৩৬১ দিন |
| ২। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ জহিরুল ইসলাম চৌধুরী, এনডিসি (বিডি/৭৯৩০), এডিডব্লিউসি | ০৮ জুলাই ১৯৬৩ | ০৬ জুলাই ১৯৮৫ | ০৭ জুলাই ২০১৭ | ০৬ জুলাই ২০১৮ | ০৭ জুলাই ২০১৮ | ৫৪ বছর | ১১৫৯ দিন | ৩৬৫ দিন |
| ৩। | উইং কমান্ডার মীর আমিনুল ইসলাম, (বিডি/৮৪২৭), ইঞ্জিঃ | ১০ এপ্রিল ১৯৬৬ | ০৩ জুলাই ১৯৯১ | ০৯ এপ্রিল ২০১৭ | ২৪ মার্চ ২০১৮ | ২৫ মার্চ ২০১৮ | ৫১ বছর | ১০৩০ দিন | ৩৫০ দিন |
| ৪। | স্কোয়াড্রন লীডার নূর শাহীন ছারোয়ার, (বিডি/৮৫০৭), এডিডব্লিউসি | ০১ জুন ১৯৬৮ | ২৬ ডিসেম্বর ১৯৯২ | ৩১ মে ২০১৭ | ৩০ মে ২০১৮ | ৩১ মে ২০১৮ | ৪৯ বছর | ১০৩৬ দিন | ৩৬৫ দিন |

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন।

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০১৪.১০-৩৪৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার উপরিচালক, মোহাঃ নুর বক্স (১০০৩)-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৪ ধারা অনুযায়ী ২৫ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হল।

২। তাঁর অনুকূলে সরকারি কর্মচারী (অবসর) (সংশোধনী) আইন, ২০১০-এর ৩ ধারা অনুযায়ী ২৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৫ এপ্রিল ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হল।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।